

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-১(৪)/২০০৯-২০১০/১৩৯৯(১২০০)

তারিখঃ ১৭-০২-২০১০

- ১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
- ২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
- ৩। উপ-মহাব্যবস্থাপক কর্পোরেট শাখাসমূহ
- ৪। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
- ৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ কৃষকের ব্যাংক হিসাব খোলা প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগের ফেব্রুয়ারী ০৭, ২০১০ তারিখের বিআরপিডি সার্কুলার নং-০৭ এর নির্দেশাবলী সকলের অবগতি ও যথাযথ অনুসরণ/পরিপালনের জন্য অপর পৃষ্ঠায় ছবছ পুনঃমুদ্রণ করা হলো।

০২। বাংলাদেশ ব্যাংকের উপরোক্ত সার্কুলার মোতাবেক কৃষকদের ব্যাংক হিসাব খোলার ব্যাপারে সংশ্লিষ্ট সকলকে অত্যন্ত আন্তরিক হওয়ার জন্য অনুরোধ করা যাচ্ছে। ব্যাংকে হিসাব খুলতে এসে কোন কৃষক যাতে ফিরে না যায় অথবা কোন রকম হয়রানির শিকার না হয় সে দিকে সজাগ দৃষ্টি রাখার জন্য সকলকে অনুরোধ করা যাচ্ছে। কৃষকদের ব্যাংক হিসাব খোলার ব্যাপারে কোন ধরনের শৈথিল্যতা বা অভিযোগ পাওয়া গেলে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণের জন্য নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনাদের বিশ্বস্ত,

(এ,টি,এম আনিসুর রহমান)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-১(৪)/২০০৯-২০১০/১৩৯৯(১২০০)

তারিখঃ ১৭-০২-২০১০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ-

- ১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়দ্বয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক/সচিব/অধ্যক্ষ, টিআই, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৬। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ৭। নথি/মহানথি।

(মোঃ শাহজাহান)
সহকারী মহাব্যবস্থাপক